

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

তথ্য ভবন (১৪ ও ১৫ তলা)

১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০।


২০১৯-২০ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে

০১-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে ২০১৮-১৯ অর্থবছরের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদানের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের গঠিত কমিটির সভা ০১-১০-২০১৯ তারিখ সকাল ১১.০০টায় ভাইস চেয়ারম্যান জনাব মো: নিজামুল কবীর-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কমিটির সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেওয়া হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় "শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭" এ উল্লিখিত শুদ্ধাচার পুরস্কার প্রদানের সূচক অনুযায়ী দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মূল্যায়ন করা হয়। প্রাপ্ত নম্বরের ভিত্তিতে গ্রেড ১ থেকে গ্রেড ১০-ভুক্ত কর্মচারীদের মধ্য থেকে এ দপ্তরের চলচ্চিত্র পরিদর্শক মিসেস রেখা এবং গ্রেড ১১ থেকে গ্রেড ২০-ভুক্ত কর্মচারীদের মধ্য থেকে ফটোকপি অপারেটর জনাব মো: আবুল কালাম আজাদ-কে পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বর্ণিত ০২ (দুই) জন কর্মচারী পুরস্কার হিসেবে প্রত্যেকে একটি সার্টিফিকেট ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন।

সভায় অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: নিজামুল কবীর

ভাইস চেয়ারম্যান

আইডি নং: ১৫১৯৯৪০৪০০০৮

ফোন: ৮৩০০৬২১

ফ্যাক্স: ৮৩০০৬২৫

২২ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ।


তারিখ: .....

০৭ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ।

নং: ১৫.৫৯.০০০০.০০৫.০০৩.১৯.১৯৯৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।)
- ২। উপ-সচিব, প্রশাসন-৪ অধিশাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ৪। জনাব মো: ওবাইদুল কবির মোল্লা, চলচ্চিত্র পরিদর্শক, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।



মো: মমিনুল হক

সচিব

ফোন: ৮৩০০৬২৩